

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার নং - ৬

মে ৩১, ২০১২
তারিখ :-----
জ্যৈষ্ঠ ১৭, ১৪১৯

প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান ;
মহা পরিচালক বিআইবিএম; নির্বাহী পরিচালক বিবিটিএ

প্রিয় মহোদয়,

**ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের কর্মবলের প্রশিক্ষণ কার্যক্রমে
বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তাদের সংশ্লিষ্টতা প্রসঙ্গে।**

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানগুলোর বিভিন্ন পর্যায়ের কর্মবলের প্রশিক্ষণ কার্যক্রমগুলোয় বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তাদের প্রশিক্ষক/বিশেষজ্ঞ বক্তা হিসেবে অংশগ্রহণ প্রসঙ্গে বিদ্যমান অবস্থা পর্যালোচনার পর নিম্নোক্ত সিদ্ধান্তগুলো নেয়া হয়েছে, যা অবিলম্বে কার্যকর হবে :

ক. কোনও ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠান তাদের জনবলের প্রশিক্ষণ কার্যক্রমে বিশেষজ্ঞ বক্তা/প্রশিক্ষক হিসেবে অংশগ্রহণের জন্য বাংলাদেশ ব্যাংকের কোনও পর্যায়ের কোনও কর্মকর্তার সাথে ব্যক্তিগতভাবে অনুরোধ বা যোগাযোগ করবেন না।

খ. বাংলাদেশ ব্যাংকের নির্বাহীদের বিশেষজ্ঞ প্রশিক্ষক/বক্তা হিসেবে সংশ্লিষ্টতা অত্যাৱশক হবে এমন ধরনের প্রশিক্ষণকোর্স/ওয়ার্কশপ আয়োজন জরুরী বিবেচিত হলে সেজন্য সংশ্লিষ্ট ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানগুলো একক বা সম্মিলিতভাবে বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট (বিআইবিএম) বা বাংলাদেশ ব্যাংক ট্রেনিং একাডেমী (বিবিটিএ) কে অনুরোধ জানাতে পারে। এই প্রতিষ্ঠানদ্বয়ের অনুরোধক্রমে বাংলাদেশ ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষ বিশেষজ্ঞ বক্তা/প্রশিক্ষক মনোনয়নের সিদ্ধান্ত নেবে। মনোনীত বক্তা/প্রশিক্ষকদের জন্য সম্মানী বিআইবিএম/বিবিটিএ এর অতিথি বক্তাদের জন্য বিদ্যমান নির্ধারিত হারে পরিশোধযোগ্য হবে।

০২. অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত/-

(টৌধুরী মোঃ ফিরোজ বিন আলম)
মহাব্যবস্থাপক(চলতি দায়িত্ব)
ফোন : ৭১২৫০২১